

স্মারক নং- এসকেএস/২১/৭৪৩

২২ জুন ২০২১ খৃঃ

### অফিস স্মারক

এতদ্বারা এসকেএস ফাউন্ডেশন ও অঙ্গসংগঠন সমূহে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক কোভিড-১৯ সংক্রমণ বিস্তার রোধে স্বাস্থ্যবিধি ও সরকারী অন্যান্য নির্দেশনা যথাযথভাবে মেনে নিয়োজিত নিয়মাবলী কঠোরভাবে অনুসরণ করে বর্তমান সময় থেকে কাজ করার জন্য বলা হলো।

- সর্বাবস্থায় বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করা এবং নিয়মিত সাবান দিয়ে হাত ধোয়া ও দৈহিক পরিচ্ছন্নতায় যত্নশীল হওয়া; সর্দি-কাশি ও জ্বরে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ এড়িয়ে চলা; যত্রতত্র কফ ও থুতু ফেলা থেকে বিরত থাকা; অপরিষ্কার হাত দিয়ে চোখ, নাক ও মুখ স্পর্শ থেকে বিরত থাকা; যে কোন ব্যক্তির সাথে হাত মেলানো/আলিঙ্গন করা থেকে বিরত থাকা; অপ্রয়োজনীয় কাজে বাহিরে ঘোরাফেরা থেকে বিরত থাকা ও জনসমাগম এড়িয়ে চলা; পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা।
- সর্দি-কাশি, জ্বর ইত্যাদির লক্ষণ বা করোনাভাইরাসের অন্যান্য উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে করোনা পরীক্ষা করানো এবং প্রয়োজনীয় পরামর্শ, চিকিৎসা ও অন্যান্য সেবা সহায়তা পাওয়ার জন্য সংস্থা কর্তৃক গঠিত টিমের ফোকাল পার্সন (আশরাফুল আলম, সমন্বয়কারী- পিআর এ্যান্ড সি, মোবাইল নং- ০১৭১৩৪৮৪৪১২) এর সহিত যোগাযোগ করা।
- সকল পর্যায়ে স্বাস্থ্যগত ঝুঁকি বিবেচনায় রেখে প্রচলিত মিটিং সমূহ স্ব-শরীরে না করে যথাসম্ভব অনলাইনে করা এবং স্বাস্থ্যবিধি মেনে নিরাপদ দূরত্ব বজায় রেখে কার্য সম্পাদন করা।
- সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড রাখা ও অফিস সময়ে তা বাধ্যতামূলকভাবে পরিধান করা এবং অফিসিয়াল মোবাইল সিম সচল রাখা।
- অফিস পর্যায়ে কোভিড-১৯ বিস্তার রোধে মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/**No Mask, No Entry** অথবা মাস্ক পরিধান করুন, সেবা নিন/**Wear Mask, Get Service** নিশ্চিত করা; সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখা; হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড রাব/জীবাণুনাশক ইত্যাদি সংরক্ষণ করা; কর্মস্থল ও আশপাশের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা; অফিসে ব্যবহৃত জিনিসপত্রসমূহ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখা; অফিসে জনসমাগম এড়িয়ে চলা নিশ্চিত করা।

উপরোক্ত নির্দেশনা সমূহ নিজে মেনে চলুন এবং পরিবার ও অন্যদেরকে মেনে চলার জন্য সচেতন/সহায়তা করুন।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-



রাসেল আহম্মেদ লিটন

নির্বাহী প্রধান।

অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড